দৈনিক খবর 021

তারিখ 11 JUL 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

# আলাপ-আলোচনার প্রয়োজন দেখা দিয়েছেঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, শিক্ষা ব্যবস্থার বর্তমান প্রেক্ষাপটে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সম্পর্কে আলাপ-আলোচনার প্রয়োজন রয়েছে।

তিনি গতকাল রোববার, এখানে বাংলাদেশ শিক্ষক সমিতি আয়োজিত ঢাকা মহানগরী শিক্ষকদের ত্রিবার্ষিক প্রতিনিধি সম্মেলনে এ কথা বলেন। খবর তথ্য বিবরণী'র।

মন্ত্রী বলেন, যে আশা নিয়ে অর্থাৎ

*শেষ পৃষ্ঠায় ৫ম কলামে*

## আলাপ-আলোচনার

*প্রথম পৃষ্ঠার পর*

শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে '৭৩-এর অধ্যাদেশ করা হয়েছিল তা অর্জিত হয়নি। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় অঙ্গনে অস্থিরতা, পরীক্ষা বন্ধ এবং সেশন জটের মতো জটিলতার সৃষ্টি হয়েছে। আর তাই একাডেমিক ক্ষেত্রে স্বায়ত্তশাসন অক্ষুণ্ণ রেখে ১৯৭৩-এর অধ্যাদেশ পরিবর্তন করে শিক্ষার পরিবেশ উন্নত করার ব্যাপারে ব্যাপক আলাপ-আলোচনার প্রয়োজনীয়তার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও রাজস্ব ও উন্নয়ন খাতে বিশ্ববিদ্যালয়গুলোর পেছনে চলতি বছর ১০০ কোটি টাকা বরাদ্দ করেছেন। কাজেই এ শিক্ষা ব্যবস্থা যাতে সুষ্ঠু ও উন্নততর হয় সেদিকে লক্ষ্য রাখা সংশ্লিষ্ট সকলেরই দায়িত্ব।

মন্ত্রী সমাজ থেকে নিরক্ষরতার অভিশাপ দূর করার লক্ষ্যে ঐক্যবদ্ধ প্রয়াস চালানোর জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান।

সভায় বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ, ঢাকা মহানগরী শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব আবদুল মতিন ভাষণ দেন।

শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদ সভায় উপস্থিত ছিলেন।